

বেসরকারী ভার্টিসিটে

মানসম্মত শিক্ষা
নিশ্চিত করুন।

রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ
বাংলাদেশে উচ্চশিক্ষার হার বাড়ানোর
সঙ্গে সঙ্গে মানসম্মত উচ্চশিক্ষা
নিশ্চিত করার পদক্ষেপে গ্রহণের
জন্য বেসরকারী বিশ্ববিদ্যালয়সমূহের
কর্তৃপক্ষের প্রতি আহ্বান
জানিয়েছেন।

সোমবার বিকেলে বঙ্গভবনে

রাষ্ট্রপতির সঙ্গে শেখ কবির

হোসেনের নেতৃত্বে বাংলাদেশ

বেসরকারী বিশ্ববিদ্যালয় সমিতির

(এপিইউবি) নেতৃবৃন্দ সাক্ষাৎ করতে

গেলে তিনি বলেন, উচ্চশিক্ষার

ক্ষেত্রে মান নিশ্চিত করার কোন

বিকল্প নেই। খবর বাসস'র

রাষ্ট্রপতির প্রেস সচিব মোঃ জয়নাল

আবেদিন বাসসকে বলেন,

বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোর

কর্তৃপক্ষের প্রতি শিক্ষার ক্ষেত্রে

বাণিজ্যিক মনোভাব পরিহার করার

এবং উন্নয়ন কার্যক্রমের অংশ হিসেবে

আন্তর্জাতিক মান বজায় রেখে

মানসম্মত শিক্ষা নিশ্চিতের নির্দেশনা

দিয়েছেন।

বিশ্ববিদ্যালয়গুলোকে শিক্ষার সর্বোচ্চ

অঙ্গন অর্জন করে রাষ্ট্রপতি

সুষ্ঠুভাবে সংগঠিত কর্তৃপক্ষ বিশেষ

করে শিক্ষা মন্ত্রণালয় বিশ্ববিদ্যালয়

মঞ্জুরি কমিশন ও (ইউজিসি) ও

বেসরকারী বিশ্ববিদ্যালয়সমূহের প্রতি

বৈধিক প্রতিযোগিতার জন্য

শিক্ষার্থীদের প্রস্তুতের পাশাপাশি

বিশ্ববিদ্যালয়গুলোতে বিরাজমান

সকল সমস্যার সমাধানে যৌথ

উদ্যোগ গ্রহণের আহ্বান জানান।